



অধ্যক্ষকে পুকুৰে নিক্ষেপ ॥ আরও ৫ আসামি গ্ৰেফতার

প্রকাশিত: ২০ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ ফরিদ উদ্দিনকে লাঞ্চিত এবং পুকুৰে নিক্ষেপের ঘটনায় মূলহোতাদের গ্ৰেফতার করা হয়েছে। অধ্যক্ষের দায়ের করা মামলার আরও মূল পাঁচ আসামিকে সোমবার রাতে মহানগরীর উপকণ্ঠ বেলপুকুর থানার বিসমিল্লাহ পেট্রোল পাম্প সংলগ্ন মোড় থেকে গ্ৰেফতার করা হয়। মহানগর পুলিশের মুখপাত্র অতিরিক্ত উপপুলিশ কমিশনার গোলাম রুহুল কুদ্দুস মঙ্গলবার সকালে গ্ৰেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন।

গ্ৰেফতারকৃতরা হলো- পলিটেকনিক শাখা ছাত্রলীগের সদ্য বহিস্কৃত যুগ্মসম্পাদক ও মামলার এক নম্বর আসামি কামাল হোসেন সৌরভ, দুই নম্বর আসামি মুরাদ, তিন নম্বর আসামি শান্ত, ছয় নম্বর আসামি সালমান ওরফে টনি এবং সাত নম্বর আসামি রায়হানুল হাসান হাসিব। এরা সবাই পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থী এবং ছাত্রলীগের সক্রিয় নেতাকর্মী।

গোলাম রুহুল কুদ্দুস জানান, রাজশাহী মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ এবং বেলপুকুর থানা অভিযান চালিয়ে এই সাতজনকে গ্ৰেফতার করেছে। গ্ৰেফতারকৃতদের প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। গ্ৰেফতারকৃতদের দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। এ নিয়ে অধ্যক্ষ ফরিদ উদ্দিনের দায়ের করা মামলায় মোট ১৭ জনকে গ্ৰেফতার করা হলো। এছাড়া ওই ঘটনায় জড়িত বাকিদেরও গ্ৰেফতারের চেষ্টা চলছে। এছাড়া ২ নবেম্বর রাতেই ছয় সদস্যের কমিটি গঠন করে ঘটনাটি তদন্ত করছে রাজশাহী মহানগর ছাত্রলীগ। তিনদিনের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিলের কথা থাকলেও এখন পর্যন্ত তা শেষ হয়নি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com